# বোদা উপজেলা পরিষদের অক্টোবর, ২০২৪ মাসের সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোঃ শাহরিয়ার নজির
প্রশাসক, উপজেলা পরিষদ
বোদা, পঞ্চগড়।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বোদা।
তারিখ : ১০ অক্টোবর, সময় : সকাল ১০.০০ টা।
উপস্থিত সদস্যগণের নামের তালিকা নথিতে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বোদাকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সেপ্টেম্বর, ২০২৪ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উহা দৃঢ়ীকরণ করা হয়। এসময় গত মাসের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। সভায় বিভাগওয়ারী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | বাস্তবায়ন অগ্রগতি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | <u>স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ</u>: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বোদা সভায় জানান যে সেপ্টেম্বর/২৪ মাসে (১) বহি: বিভাগে রোগীর সংখ্যা ৮,২১৫ জন (২) অন্ত: বিভাগে রোগীর সংখ্যা ১,৫৮৪ জন (৩) জরুরী বিভাগে রোগীর সংখ্যা ১,১২২ জন (৪) এএনসির সেবা ২৪৯ জন (৫) পিএনসির সংখ্যা ৬০ জন (৬) নরমাল ডেলিভারী সংখ্যা ৪৮ জন ও সিজার ১২ জন (৭) ইপিআই টিকা দেওয়া হয়েছে ২,৮৭৩ জন (৮) ল্যাবরেটরী হতে পরীক্ষা করা হয়েছে ৪৬৫ জন (৯) ইসিজি রোগীর সংখ্যা ১,১৪১ জন (১০) এ্যাম্বুলেন্স রোগীর সংখ্যা ৪০ জন (১১) কমিউনিটি ক্লিনিকে চিকিৎসা দেওয়া হয়েছে ১১,৭৯৩ জন। তিনি আরও জানান যে, হাসপাতালের চর্তুপার্শ্বে পানি নিষ্কাশনের জন্য কোন ড্রেনেজ ব্যবস্থা নেই। বর্ষাকালে একটু পানি হলেই প্রায় দুই থেকে তিন দিন পর্যন্ত পানি লেগে থাকে। হাসপাতালে ড্রেনেজ ব্যবস্থা করার প্রশাসক, বোদা পৌরসভাকে অনুরোধ জানান। | সরকারি ভাবে বরাদ্দ পাওয়া গেলে হাসপাতালে ড্রেনেজ ব্যবস্থা কার্যক্রম গ্রহণ করা হবে এবং অন্যান্য চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | ১। প্রশাসক, বোদা পৌরসভা, বোদা, পঞ্চগড়।<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বোদা, পঞ্চগড়। |
| ০২ | <u>কৃষি বিভাগ</u>: উপজেলা কৃষি কর্মকর্তা, বোদা সভায় জানান যে, আগামী রবি মৌসুমে চাষাবাদ নির্বিঘ্ন রাখার জন্য অতিরিক্ত নন-ইউরিয়া সারের চাহিদা চাওয়া হয়েছে। চলমান আমন ধানের পরিস্থিতি ভালো রয়েছে। মৌসুম ভিত্তিক শাকসবজির চাষাবাদ বৃদ্ধির জন্য কার্যক্রম চলমান রয়েছে। তাঁর বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ০৩ | <u>প্রাণিসম্পদ বিভাগ</u>: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বোদা সভায় সেপ্টেম্বর/২৪ তথ্য উপস্থাপন করেন (১) গবাদি প্রাণির টিকা প্রদান: ১,২২,৫০০ মাত্রা। (২) হাস মুরগির টিকা প্রদান: ১৪,০০০ মাত্রা (৩) কৃত্রিম প্রজনন সংক্রান্ত তথ্য: তরল সিমেন দ্বারা-২৯৮ টি, হিমায়িত সিমেন দ্বারা ৪০০ টি। (৪) সংকর জাতের গবাদি পশু বাছুর উৎপাদন ২৯০ টি। কৃত্রিম প্রজনন থেকে ৪৪,৯০০/- টাকা রাজস্ব আদায় এবং টিকাবীজ থেকে ৩,৫০০/- টাকা রাজস্ব আদায় হয়েছে। তাঁর বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বোদা, পঞ্চগড় |
| ০৪ | <u>মৎস্য বিভাগ</u>: উপজেলা মৎস্য অফিসার, বোদা সভায় জানান যে, বেংহারী ইউনিয়নে অবস্থিত ০২(দুই) টি মৎস্য অভয়াশ্রমের সংস্কার ও রক্ষণাবেক্ষণ কাজের প্রাক্কলন কাজের প্রস্তাব দাখিল করেছেন। (১) টেকরামণি মৎস্য অভয়াশ্রমের জন্য ১,০০,০০০/- টাকা এবং (২) বোয়ালমারী মণি মৎস্য অভয়াশ্রমের জন্য ১,০০,০০০/- টাকাসহ সর্বমোট ২,০০,০০০/- টাকা এডিপি/উপজেলা পরিষদের তহবিল থেকে অভয়াশ্রমে বাঁশ-ঝাড়, বালুর বস্তা, গাছের ডালপালা ফেলার প্রস্তাব করেন। | অভয়াশ্রমের মাছ চুরি রোধের জন্য অভয়াশ্রম সংশ্লিষ্ট কমিটিকে মাছ চুরি রোধে সক্রিয় করতে হবে। মাছ চুরির দায় দায়িত্ব সংশ্লিষ্ট অভয়াশ্রম কমিটির উপর বর্তাবে মর্মে সতর্ক করতে হবে। এ আড়াও অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা বোদা, পঞ্চগড়। |

<table>
<tr><td>০৫</td><td><u>উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ বিষয়ে আলোচনাঃ</u>- সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ১২/০৯/২০২৪ খ্রিঃ তারিখের অনুষ্ঠিত পরিষদ সভায় উপজেলা পরিষদ উপজেলা পরিষদ ভবন, উপজেলা আবাসিক এরিয়ার পুকুর, সাগরিকা ভবনের উপরের তলার পূর্ব দিকের ইউনিটের জানালা সংস্কার, পদ্মা ভবনের গ্যারেজ, টিনসেড সংস্কার, শিশুপার্ক ও আবাসিক এরিয়ার জলাবদ্ধতা নিরসনের জন্য নিষ্কাশন ড্রেন সংস্কার করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং প্রকল্পটির বিস্তারিত প্রাক্কলন প্রস্তুত করে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, পঞ্চগড় এর কারিগরি প্রতিবেদন গ্রহণপূর্বক অনুমোদনের জন্য পরিষদের অদ্যকার সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এর প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী জানান যে, গত ১২/০৯/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্তের প্রেক্ষিতে নির্বাচিত ০১ টি প্রকল্পের প্রাক্কলন প্রস্তুতপূর্বক নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, পঞ্চগড় এর কারিগরি প্রতিবেদন গ্রহণ করা হয়েছে। তিনি প্রাক্কলন সভায় উপস্থাপন করেন যা নিম্নরূপঃ<br><table><tr><td>ক্র.নং</td><td>প্রকল্পের নাম</td><td>মোট প্রাক্কলিত ব্যয়</td></tr><tr><td>১</td><td>বোদা উপজেলা পরিষদ ভবন, উপজেলা সাগরিকা ভবন, পদ্মা ভবনের গ্যারেজ ও টিনসেড সংস্কার এবং শিশুপার্ক ও আবাসিক এরিয়ার জলাবদ্ধতার নিরসনের জন্য ড্রেন মেরামত কাজ</td><td>২৪,৯৮,৫৬৭/-</td></tr><tr><td></td><td>সর্বমোট=</td><td>২৪,৯৮,৫৬৭/-</td></tr></table></td><td>পার্শ্বে বর্ণিত মেরামত কাজের ০১ টি প্রকল্প উপস্থিত সদস্যগণের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে অনুমোদিত হলো এবং প্রকল্পটি বাস্তবায়নের অনুমোদন প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা প্রকৌশলী, বোদা, পঞ্চগড়</td></tr>
<tr><td>০৬</td><td><u>মাধ্যমিক শিক্ষা বিভাগ</u> : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোদা সভায় জানান যে, ব্যানবেইস কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ-২০২৪ আগামী ১৭/১০/২০২৪ খ্রিঃ তারিখ হতে অনলাইন কার্যক্রম শুরু হবে। শিক্ষা প্রতিষ্ঠানে ওয়েবসাইট তৈরী/হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা পর্যায়ে ৫১ তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪ গত ০৮/১০/২০২৪ খ্রিঃ তারিখ পুরস্কার বিতরণের মধ্য দিয়ে সু-সম্পন্ন করা হয়েছে। উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে CRVS ব্যবস্থার আলোকে শিক্ষার্থী তথ্য ছক পূরণ ও ইউনিক আইডি কার্ড প্রদান কার্যক্রম চলমান রয়েছে । তাঁর বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>সরকারি নীতিমালা মোতাবেক সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী তথ্য ছক পূরণ ও ইউনিক আইডি কার্ড প্রদান কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বোদা, পঞ্চগড়।</td></tr>
<tr><td>০৭</td><td><u>প্রাথমিক শিক্ষা বিভাগ</u> : উপজেলা শিক্ষা অফিসার, বোদা সভায় জানান যে, তার বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>সরকারি নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা শিক্ষা অফিসার বোদা, পঞ্চগড়।</td></tr>
<tr><td>০৮</td><td><u>সমাজ সেবা বিভাগ</u> : উপজেলা সমাজ সেবা অফিসার, বোদা সভায় জানান যে, সকল ভাতাভোগীর লাইভ ভেরিফিকেশন করা হয়েছে। সুদ মুক্ত ঋণ বিতরণ কার্যক্রম এর আওতায় বিভিন্ন প্রকল্প গ্রামে ঋণ গ্রহীতাদের মাঝে পুনঃ বিনিয়োগ করা হয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতা, বেদে, অনগ্রসর ও হিজরা জনগোষ্ঠির বিশেষ ভাতা এবং উপবৃত্তি জিটুপি পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইন আবেদন আগামী ১৫/১০/২০২৪ খ্রিঃ তারিখ হতে ১৪/১১/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। মৃত ও নিরুদ্দেশ ভাতাভোগীদের ০৩ (তিন) মাস অন্তর অন্তর নীতিমালা অনুযায়ী প্রতিস্থাপন করতে হবে। ভাতা ভোগীরা যেন নগদ হিসাব নম্বর এর পিন বা ওটিপি কারো সাথে শেয়ার না করে সে বিষয়ে ব্যাপক প্রচার-প্রচারণা করতে হবে। ভিক্ষুক পুনর্বাসনের জন্য প্রেরিত তালিকা হতে যাচাই-বাছাই পূর্বক ভিক্ষুক নির্বাচন করতে হবে। প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ কর্মসূচীর আওতায় ডাক্তার কর্তৃক প্রতিবন্ধীতার ধরণ শনাক্ত ও মাত্রা নিরুপন করা হয় এবং চুড়ান্ত অনুমোদনের জন্য কমিটির সভা আহবান প্রক্রিয়াধীন অবস্থায় রয়েছে। তার বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>সরকারি নীতিমালা মোতাবেক ২০২৪-২৫ অর্থ বছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতা, বেদে, অনগ্রসর ও হিজরা জনগোষ্ঠির বিশেষ ভাতা এবং উপবৃত্তি জিটুপি পদ্ধতিতে পরিশোধের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, বোদা, পঞ্চগড়।</td></tr>
<tr><td>০৯</td><td><u>প্রকল্প বাস্তবায়ন বিভাগ</u> : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বোদা সভায় জানান যে, সেপ্টেম্বর/২৪ মাসে জিআর ক্যাশ স্থিতি ১,৯০,০৬০/- (এক লক্ষ নব্বই হাজার ষাট) টাকা এবং জিআর চাল স্থিতি ১১১.২৯০ মে:টন মুজদ আছে। তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বোদা, পঞ্চগড়।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১০ | জনস্বাস্থ্য বিভাগ : সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, বোদা সভায় জানান যে, সেপ্টেম্বর/২৪ মাসে অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে ৫২০ টি, কাজ সমাপ্ত হয়েছে ৪৫৪ টি এবং কাজ চলমান আছে ৬৬ টি। ওয়াশ ব্লকের বরাদ্দ পাওয়া গেছে ১০৫ টি, কাজ সমাপ্ত হয়েছে ৬৯ টি এবং কাজ চলমান আছে ৩৩ টি। টি এস পি বরাদ্দ পাওয়া গেছে ২৬ টি এবং ২৬ টি কাজ সমাপ্ত করা হয়েছে। তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোদা সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২৪ মাসে মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ছিল ৫৯,২৯১ জন, স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছে নারী ০৮ জন, আইইউডি গ্রহণ করেছে ০৩ জন, ইমপ্ল্যান্ট গ্রহণ করেছে ৬০ জন, ইনজেকটেবল গ্রহণ করেছে ৮৫৬ জন, খাবার বড়ি গ্রহণ করেছে ১,৪৯২ জন, কনডম ব্যবহার করেছে ৭,০২৮ জন। সর্বমোট গ্রহণকারী সংখ্যা ৫৯,২৯১ জন। গ্রহণকারীর হার ৮১.৭০%। তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ : যুব উন্নয়ন কর্মকর্তা, বোদা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১৩ | মহিলা বিষয়ক বিভাগ : মহিলা বিষয়ক কর্মকর্তা, বোদা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১৪ | সমবায় বিভাগ : উপজেলা সমবায় অফিসার, বোদা সভায় জানান যে, গত মাসে ১৬টি সমবায় সমিতির অডিট করা হয়েছে। উন্নত জাতের গাভী প্রকল্পের ঋণ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বিতরণ করা হয়েছে এবং গত মাসে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণ আদায় করা হয়েছে। আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, রংপুরে ০১ জন সহকারীকে পরিদর্শকে প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে। ৫ টি সমবায় সমিতি পরিদর্শন করা হয়েছে। তাঁর বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১৫ | বন বিভাগ ঃ উপজেলা রেঞ্জ কর্মকর্তা, বোদা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বোদা সভায় জানান যে, গত মাসে ঋণ বিতরণ করা হয়েছে ৬১.৫৪ লক্ষ টাকা এবং ঋণ আদায় করা হয়েছে ৫৭.৯০ লক্ষ টাকা। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১৭ | ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, বোদা সাব জোনাল অফিস : এজিএম (ওএন্ডএম) বোদা সভায় জানান যে, তার অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | এজিএম (ওএন্ডএম) বোদা সাব জোনাল অফিস, বোদা |
| ১৮ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ সহঃ প্রকৌশলী, বোদা সভায় জানান, তার অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোদা। |
| ১৯ | আনসার ভিডিপি বিভাগ : আনসার ভিডিপি কর্মকর্তা, বোদা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ২০ | তথ্য সেবা বিভাগ : তথ্য আপা কর্মকর্তা, বোদা সভায় জানান যে, সেপ্টেম্বর/২৪ মাসে ডোর টু ডোর ৩৫০ জন সেবাগ্রহিতাকে সেবা প্রদান করা হয়েছে। তথ্যকেন্দ্রে ৩৫ জনকে সেবা প্রদান করা হয়েছে। এদের মধ্যে ২২০ জনের ওজন পরিমাপ করে দেওয়া, তথ্যকেন্দ্রে ১০ জনকে অনলাইনে আবেদন করে দেওয়া, তথ্য ও প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান করাসহ অন্যান্য সেবা প্রদান করা হয়েছে।<br>ডোর টু ডোর এর জন্য মোট ৫০০ জন সেবাগ্রহিতার কার্যক্রম চলমান। সেপ্টেম্বর/২৪ মাসে ১টি উঠান বৈঠকের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। তথ্যকেন্দ্রের কার্যক্রম চলমান রয়েছে। তার বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উঠান বৈঠকের মাধ্যমে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি ও নিরাপদ খাদ্য আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তথ্য আপা কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |

২১। ১৩/০৯/২৪ থেকে ০৯/১০/২০২৪ পর্যন্ত উপজেলা পরিষদ উপজেলা পরিষদ প্রশাসকের অতিরিক্ত খাটুনীর সম্মানী, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে এবং পরিষদ কর্মচারিদের মজুরী, আপ্যায়ন ও আনুষঙ্গিকসহ বিভিন্ন অফিস/বাসা মেরামতের নিম্নোক্ত ব্যয়সমূহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

| | | |
|---|---|---|
| ০১ | মোঃ সুজন আলী, মালী, উপজেলা পরিষদ, বোদা, সেপ্টেম্বর/২৪ মাসের মুজুরী | ১৬,৫০০/- |
| ০২ | মোঃ মমিন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদ, বোদা, সেপ্টেম্বর/২৪ মাসের মুজুরী | ১৬,৫০০/- |
| ০৩ | প্রহল্লাদ রায়, দেবত্তর পাড়া, চন্দনবাড়ী, বোদা সেপ্টেম্বর/২৪ মাসের রাত্রীকালিন উপজেলা পরিষদের অফিস চত্তর পাহারা দেওয়ার জন্য ভাতা সরুপ প্রদান | ৮,৪০০/- |
| ০৪ | মোঃ হারুন অর রশিদ, বোদা সেপ্টেম্বর/২৪ মাসের অফিস চত্তর পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ প্রদান | ৮,৪০০/- |
| ০৫ | সাইদুল ইসলাম, পিতাঃ মোঃ আলম হোসেন, গ্রামঃ নগর সাকোয়া, বোদা প্রাকৃতিক দুর্যোগে ঘর বাড়ি পড়ে যাওয়ায় অপ্রত্যাশিত খাত হতে প্রদান | ৫,০০০/- |
| ০৬ | মহিদুল ইসলাম, পিতাঃ মোঃ আলম হোসেন, গ্রামঃ নগর সাকোয়া, বোদা প্রাকৃতিক দুর্যোগে ঘর বাড়ি পড়ে যাওয়ায় অপ্রত্যাশিত খাত হতে প্রদান | ৫,০০০/- |
| ০৭ | অবনীশ চন্দ্র মুনি, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বোদা, পঞ্চগড় আউলিয়াঘাট ও বাকডোকরা ঘাটে নিরাপত্তার জন্য আনসার সদস্য, মাটি ভরাট ও অন্যান্য খরচ বাবদ প্রদান | ৭৪,০০০/- |
| ০৮ | মোঃ নুর আলম পাটোয়ারী, মুনস্টার হোটেল, বোদা সেপ্টেম্বর/২৪ মাসের মাসিক সধারণ সভার আপ্যায়ন বাবদ বিল প্রদান | ২০,৭০০/- |
| ০৯ | কোড নং-১-১১৩৩-০০৪৫-০৩১১ খাতে ঐ কাজের ৫% ভ্যাট কর্তন | ১,১৫০/- |
| ১০ | কোড নং-১-১১৪১-০০৬৫-০১১১ খাতে ঐ কাজের ৫% আয়কর কর্তন | ১,১৫০/- |
| ১১ | মোঃ নুর আলম পাটোয়ারী, মুনস্টার হোটেল, বোদা সেপ্টেম্বর/২৪ মাসের মাসিক সধারণ সভা, অন্যান্য সভা ও | ১০,৬৭৫/- |
| ১২ | কোড নং-১-১১৩৩-০০৪৫-০৩১১ খাতে ঐ কাজের ৫% ও ৭.৫% ভ্যাট কর্তন | ৭২৫/- |
| ১৩ | কোড নং-১-১১৪১-০০৬৫-০১১১ খাতে ঐ কাজের ৫% আয়কর কর্তন | ৬০০/- |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/১০/২০২৪

মোঃ শাহরিয়ার নজির
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বোদা, পঞ্চগড়

উপজেলা পরিষদ কার্যালয়
বোদা, পঞ্চগড়।

স্মারক নং ঃ ০৫.৪৭.৭৭২৫.০০০.০৬.০২০.২১-৩৫৪/সি

তারিখ ঃ ২৫ আশ্বিন ১৪৩১
১০ অক্টোবর ২০২৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১। জেলা প্রশাসক, পঞ্চগড়।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পঞ্চগড়।
৩। উপজেলা ..........................................কর্মকর্তা (সকল), বোদা, পঞ্চগড়।
৪। চেয়ারম্যান..........................................ইউপি (সকল), বোদা, পঞ্চগড়।
৫। জনাব/বেগম ........................................................ বোদা, পঞ্চগড়।

১০/১০/২০২৪

মোঃ শাহরিয়ার নজির
উপজেলা নির্বাহী অফিসার
বোদা, পঞ্চগড়।